দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা ... পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 17 OCT 1988
পৃষ্ঠা 12 কলাম 2

057

# প্রেসিডেন্ট সকাশে প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদল

বাসস জানায়, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আবুল কালাম আজাদের নেতৃত্বে সমিতির একটি প্রতিনিধিদল গতকাল (রবিবার) ঢাকায় প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট এরশাদের

(২য় পৃঃ দ্রষ্টব্য)

## প্রেসিডেন্ট সকাশে

(১ম পৃঃ পর)

সহিত সাক্ষাৎ করেন। প্রেসিডেন্ট তাহার নিরলস প্রচেষ্টা ও বলিষ্ঠ নেতৃত্ববলে সাফল্যের সাথে বন্যা পরিস্থিতি মোকাবিলা করায় দুই লক্ষ প্রাথমিক শিক্ষকের পক্ষ হইতে শিক্ষক প্রতিনিধিরা তাঁহাকে অভিনন্দন জানান। যেসকল স্থানে সহজেই বন্যার পানি আসে, সেইসব স্থানে দোতলা প্রাথমিক স্কুল ভবন এবং যে সকল এলাকায় কোন প্রাথমিক স্কুল নাই সেই সকল এলাকায় প্রত্যেক ইউনিয়নে একটি করিয়া দোতলা প্রাথমিক স্কুল ভবন নির্মাণের সম্ভাব্যতা পরীক্ষা করার প্রস্তাব রাখার জন্যও তাঁহারা প্রেসিডেন্টকে অভিনন্দন জানান। গতকাল সকালে জাতীয় সংসদে প্রদত্ত ভাষণে প্রেসিডেন্ট এই প্রস্তাব করেন এবং বলেন, এইসব স্কুলভবন বন্যার সময়ে জরুরী আশ্রয় শিবির হিসাবে ব্যবহৃত হইতে পারিবে। শিক্ষক প্রতিনিধিরা তাঁহাদের ২১ দফা দাবীর ১০ দফা ইতিমধ্যেই মানিয়া লওয়ায় এবং অবশিষ্ট দাবী সহানুভূতির সাথে বিবেচনা করার আশ্বাস দেওয়ায় প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান।

প্রেসিডেন্ট বন্যার সময় দুর্গতদের দুর্দশা লাঘবে সারাদেশের দুই লক্ষ প্রাথমিক শিক্ষকের তৎপরতার প্রশংসা করেন এবং তাঁহাদের নিবেদিত কর্মের জন্য ধন্যবাদ জানান।